# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - তাকবীরে তাহরীমার পর যা পড়তে হয়

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ افْتَتَحَ الصَّلَاةَ قَالَ: «سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلَا إِلَهَ غَيْرُكَ» . رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاوُد

## বাংলা

৮১৫-[৪] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করার (তাকবীর তাহরীমার) পর এ দু’আ পাঠ করতেন, ’’সুবহা-নাকা আল্লা-হুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবা-রকাসমুকা ওয়া তা’আ-লা- যাদ্দুকা ওয়ালা- ইলা-হা গয়রুকা’’- (অর্থাৎ- হে আল্লাহ! তুমি পূত পবিত্র। তোমার পূত-পবিত্রতা ও প্রশংসা বর্ণনা করার সাথে সাথে আমরা আরও বলছি, তুমি খুবই বারাকাতপূর্ণ। তোমার শান অনেক উর্ধ্বে। তুমি ছাড়া প্রকৃত আর কোন মা’বূদ নেই।)। (তিরমিযী ও আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৭৭৬, তিরমিযী ২৪৩, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ২৯৯৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ দু‘আটি পড়া সহীহ সূত্রে প্রমাণিত। আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীসও যে বিশুদ্ধ তা’ সন্দেহাতীত। তবে আবূ দাঊদ-এর সানাদটি সহীহ বিধায় এর উপর ‘আমল করা যায়। ‘উমার (রাঃ) এটা পড়তেন যখন অনেক সহাবা (সাহাবা) উপস্থিত থাকতেন। তিনি এটা দিয়ে সাহাবীগণের প্রশিক্ষণ দিতেন। ‘আল্লামা শাওকানী বলেন, যেটা সবচেয়ে বিশুদ্ধ সেটাকে প্রাধান্য দেয়া ও গ্রহণ করা উত্তম হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55374

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন